

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক দৈবচয়নভাবে এ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা কর্তৃক সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণের লক্ষ্যে ২১/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রাশেদা জামান
যুগ্মসচিব (প্রশাসন) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল
পয়েন্ট এবং পরিবীক্ষণ কমিটির সভাপতি, যুব ও ক্রীড়া
মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২১ জুন ২০২২ খ্রি.
সময় : বেলা ১১.৩০ টায়।
স্থান : যুগ্মসচিব (সমন্বয় ও আইন)-এর অফিস কক্ষে (কক্ষ নং-২৩৮,
ভবন নং-৩)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায় সেজন্য বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা প্রয়োজন। অতঃপর পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ মন্ত্রণালয়ের নিম্নোক্ত সেবাটি দৈবচয়নভাবে পরিবীক্ষণ করা হয়:

ক্র:নং	সেবার নাম ও পরিবীক্ষণ কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
০১	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের অনুকূলে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের অনুকূলে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের ক্ষেত্রে সেবা প্রদানের সময়সীমা ০৩ (তিন) কার্যদিবস উল্লেখ্য রয়েছে। উক্ত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের বিষয়টি প্রশাসন-০১-এর শৃঙ্খলা শাখায় গিয়ে পরীক্ষা করে দেখা যায় যে, এ মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব সেলিনা আক্তার ১৫ (পনেরো) দিনের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের জন্য ২২/০৫/২০২২ খ্রি. তারিখে আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে সকল প্রক্রিয়া (নথি উপস্থাপন করা থেকে বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদন হওয়া পর্যন্ত) সম্পন্ন করে ২৩/০৫/২০২২ তারিখে জি.ও. জারি করা হয়। এক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যেই সেবাটি প্রদান করা হয়েছে বিধায় বাস্তবায়ন অগ্রগতি শতভাগ।	১০০%

০২। এছাড়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিদ্যমান সিটিজেন্স চার্টারটি পরীক্ষা করে দেখা যায়, সেবা প্রদানের সাথে সম্পৃক্ত কিছু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অভ্যন্তরীণ বদলি হওয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন। সেবা গ্রহীতার সুবিধার্থে সংশ্লিষ্ট সেবার প্রয়োজনীয় ফরম ও কাগজপত্রাদি লিংক-এ সংযুক্ত করে দিতে হবে।

চলমান পাতা/২

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২২/০৬/২০২২

(রাশেদা জামান)
যুগ্মসচিব (প্রশাসন)

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল
পয়েন্ট এবং পরিবীক্ষণ কমিটির সভাপতি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০০২.২১.৯৬০

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৯
২২ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৬. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৭. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

(দীপ্তিময়ী জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫০৫

ই-মেইল: sas.admin1@moysports.gov.bd